

# সমকাল

## শাবির হল থেকে ১৬ শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয় থেকে একজন বহিকার

প্রকাশ: ২৩ মার্চ ২৩ | ২১:১১ | আপডেট: ২৩ মার্চ ২৩ | ২১:১৯

### শাবি প্রতিনিধি



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) র্যাগিংয়ের অভিযোগে (<https://samakal.com/bangladesh/article/2303162586/%E0%A6%B6%E0%%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%B8% %E0%A6%AC%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%97% E0%A6%B0%E0%A6%BE%E0%A6%96%E0%A6%BE-%E0%A6%A8% E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87-%E0%A6% B6%E0%A6%BF%E0%A6%95%E0%A7%8D%E0%A6% B7% E0%A6%AE%E0%A6%BE%E0%A6% B0%E0%A6%A7% E0%A6% B0>

%E0%A6%85%E0%A6%AD%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B  
 আবাসিক হল থেকে ১৬ শিক্ষার্থীকে বহিক্ষার করা হয়েছে। এ ছাড়া ছাত্রী হয়রানির অভিযোগে  
 বিশ্ববিদ্যালয় থেকে এক শিক্ষার্থীকে স্থায়ী বহিক্ষার করেছে প্রশাসন।

বুধবার সিডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে গণমাধ্যমকে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের  
 উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

র্যাগিংয়ের অভিযোগে বহিক্ষৃত শিক্ষার্থীরা সবাই ব্যবসায় প্রশাসন বিভাগের ২০২০-২১ সেশনের  
 শিক্ষার্থী। তাঁরা হলেন- পাপন মিয়া, রিয়াজ হোসেন, পায়েল আহমদ, খালেদ সাইফুল্লাহ, রামীম  
 আহমদ, রাকিব হোসেন, অশেষ চাকমা, সৌরভ নাথ, শরীফুল ইসলাম, অনিক দাশ, ফাহিম মিয়া,  
 নয়ন চন্দ্র দে, তোহা মিয়া, আশিক হোসেন, আল আমিন ও আপন মিয়া।

এদিকে শৃঙ্খলাভঙ্গ করে এক ছাত্রীর গায়ে হাত তোলায় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিএসই)  
 বিভাগের ২০১৬-১৭ সেশনের এক শিক্ষার্থীকে আজীবনের জন্য বহিক্ষারের সিদ্ধান্ত দিয়েছে  
 বিশ্ববিদ্যালয় সিডিকেট। বহিক্ষৃত ওই শিক্ষার্থীর নাম জীবন চন্দ্র সেন।

এ ছাড়া পরীক্ষায় অসদুপায় অবলম্বন করায় বিভিন্ন মেয়াদে একাধিক বিভাগের ১২ শিক্ষার্থীকে শাস্তি  
 দেওয়া হয়েছে।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
 +৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)